

সড়ক নিরাপত্তা সংক্রান্ত তথ্য

স্কুলে যাওয়া এবং ফেরার সময় আপনার সন্তানের নিরাপত্তার দায়িত্ব আপনারই।

নিরাপদে হাঁটুন

শিশুর বয়স অন্তত ৮ বছর হওয়া পর্যন্ত ফুটপাথে হাঁটার সময়, কার পার্কে এবং রাস্তা পার হতে গেলে সব সময় শিশুর হাত ধরে রাখুন।

আপনার শিশুর বয়স যখন ৮ থেকে ১০ বছর হবে, তখন যানবাহনের কাছাকাছি কিংবা রাস্তা পার হওয়ার সময় তাদের উপর খুব কাছে থেকে নজর রাখুন।

আপনি যখন সিদ্ধান্ত নেবেন যে আপনার ১০ বছরের বেশী বয়সী সন্তান নিজে নিজেই স্কুলে যাবে এবং স্কুল থেকে বাসায় ফিরে আসবে, তখন তার আসা যাওয়ার ব্যাপারটি একসঙ্গে পরিকল্পনা করুন। নিরাপদ পথচারী হওয়ার চর্চা করুন:

- ফুটপাথের বাম দিক ঘেঁষে হাঁটার মাধ্যমে
- ড্রাইভওয়েতে ঢুকার সময় এবং বের হয়ে আসা গাড়ীর দিকে খেয়াল রেখে
- মোবাইল ফোন কিংবা অন্য লোকদের দ্বারা মনোযোগ নষ্ট না করে
- বৃষ্টির দিনে বাড়ি যাওয়ার জন্য নিরাপদ ও বিকল্প কোনো পথ ব্যবহার করে
- অন্য পথচারীদের প্রতি সম্মান প্রদর্শন করে।

থামুন! ফুটপাথের কিনারা থেকে এক কদম পেছনে দাঁড়িয়ে।

তাকান! সবসময় উভয় দিকে তাকান।

শুনুন! আপনার দিকে ধাবমান গাড়ীর শব্দ।

ভাবুন! রাস্তা পার হওয়া কি নিরাপদ?

আপনার শিশুকে উৎসাহিত করুন:

- যাতে করে সে সবসময় রাস্তা পার হওয়ার জন্য একটি নিরাপদ জায়গা যেমন পথচারী পারাপার, ট্রাফিক লাইট কিংবা যদি থাকে তবে কোনো স্কুল ক্রসিং ব্যবহার করে
- রাস্তা কিংবা ড্রাইভওয়ে পার হওয়ার আগে কোনো গাড়ী মোড় নিচ্ছে কিনা তা দেখে নেয়
- কখনই যাতে তারা মনে না করে যে গাড়ীর চালক তাদেরকে দেখতে পাচ্ছে কিংবা তাদের জন্য থামবে
- গাড়ীর চালকের সঙ্গে চোখ মেলায় যেন তারা বুঝতে পারে যে চালক তাদেরকে দেখতে পেয়েছে
- রাস্তা কিংবা ড্রাইভওয়ে পার হওয়ার আগে যেন গাড়ীর চালক তার গাড়িটি সম্পূর্ণভাবে থামানো পর্যন্ত অপেক্ষা করে।



আরও সহায়তার জন্য

ডিপার্টমেন্ট এর সড়ক নিরাপত্তা সংক্রান্ত শিক্ষা কার্যক্রম দেখুন
<https://education.nsw.gov.au/road-safety-education> কিংবা দেখুন

<https://education.nsw.gov.au> এবং সড়ক নিরাপত্তা সংক্রান্ত তথ্য অনুসন্ধান করুন।